



স্মারক নং- ১৩.০১.৭৩৬৪.০০৫.৪৫.০৬৭.২০.৮৩২

তারিখ-১০/১০/২০২২খ্রিঃ

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা নীলফামারী সদর উপজেলার লাইসেন্সধারী সম্মানিত চালকল মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অচিরেই আমন চাল সংগ্রহ/২০২২-২৩ শুরু হবে। তৎপ্রেক্ষিতে উপজেলার সকল বৈধ চালকল সমূহের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা নির্ণয় করা প্রয়োজন। এমতাবস্থায়, আপনার হাক্ষি মিলের ভৌত অবকাঠামো (বিদ্যুৎ সংযোগ, মটর, চাতাল, হাউজ, গুদাম ঘর, বয়লার, চিমনি) জনিত কোন প্রকার ত্রুটি থাকলে, তা আগামী ১৭/১০/২০২২খ্রিঃ তারিখের মধ্যে মেরামত করে নিম্নসাক্ষরকারীকে লিখিতভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আরো বিশেষভাবে উল্লেখ্য যে, মিলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা প্রেরণের পর তা সংশোধন করার কোন সুযোগ নেই। তাই মিলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা প্রেরণের পূর্বে অর্থাৎ আগামী ১৭/১০/২০২২খ্রিঃ তারিখের মধ্যে নিম্নসাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় পরবর্তীতে ছাঁটাই ক্ষমতা বিষয়ে কোন প্রকার অভিযোগ গ্রহণ করা হবে না। বিষয়টি অতিব জরুরী।

(হৃষিকেশ দেব শর্মা)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

নীলফামারী সদর, নীলফামারী।

তারিখ-১০/১০/২০২২খ্রিঃ

স্মারক নং- ১৩.০১.৭৩৬৪.০০৫.৪৫.০৬৭.২০.৮৩২

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)-

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর।

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী।

৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, নীলফামারী সদর, নীলফামারী।

৪। সভাপতি/সম্পাদক, উপজেলা চালকল মালিক সমিতি, সদর, নীলফামারী।

→ উপজেলার সকল চালকল মালিকগণকে বিষয়টি অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫। সংশ্লিষ্ট মিলার (সকল).....অটো/হাক্ষি মিল, নীলফামারী সদর।

৬। দপ্তর নথি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

নীলফামারী সদর, নীলফামারী।